



## নিউট্রিশন ইন সিটি ইকো সিস্টেমস প্রকল্পের দিনাজপুর পৌরসভার ফোকাল পার্সনের মাঠ পরিদর্শন

দিনাজপুর পৌরসভার নাইস (NICE) প্রকল্পের ফোকাল পার্সন **মোঃ মিজানুর রহমান সিদ্দিকী** গত ০৯ নভেম্বর ২০২৫ তারিখে প্রকল্পের মাঠ পরিদর্শন করেন। তিনি বিরল উপজেলার কালিয়াগঞ্জ ফার্মার্স হাব পরিদর্শন করেন এবং হাবের আওতায় পরিচালিত বিভিন্ন সেবা ও উদ্যোগমূলক কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন।

### উদ্দেশ্য

- নাইস প্রকল্পের নিউট্রিশন ফার্মার্স হাবের সকল কার্যক্রম সম্পর্কে অবগত হওয়া।
- এগ্রোইকোলজি পদ্ধতিতে নিরাপদ সবজি উৎপাদন থেকে ভোক্তার কাছে পৌঁছানোর সাপ্লাই চেইন প্রক্রিয়া বোঝা।

### পর্যবেক্ষণ

- আধুনিক জৈব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মাটি বিহীন সবজির চারা উৎপাদন পদ্ধতি পরিদর্শন।
- উৎপাদন ও গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সবজি জাতের গবেষণা শেড সরঞ্জামে দেখা।
- কেঁচোর মাধ্যমে ভার্মি কম্পোস্ট উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত ধারণা অর্জন।
- মৌমাছি চাষ কার্যক্রম পরিদর্শন করে মধু উৎপাদন ও ফসলের সঠিক পরাগায়নের গুরুত্ব বোঝা।
- এগ্রোইকোলজি পদ্ধতিতে নিরাপদ সবজি চাষাবাদের উৎপাদন থেকে ভোক্তার কাছে পৌঁছানোর সাপ্লাইচেইন সম্পর্কে অবগত হওয়া।
- ফার্মার্স হাবে একাধিক ব্যবসা সম্প্রসারণ বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা। জৈব বালাইনাশক, ভার্মি কম্পোস্ট, বীজ ও কৃষি যন্ত্রপাতি সরবরাহ, এবং কৃষি পরামর্শ সেবা বিষয়ে উদ্যোক্তার সঙ্গে নিবিড় পর্যালোচনা।

### সুপারিশ

- নাইস প্রকল্পের আওতায় পরিচালিত ফার্মার্স হাবের উদ্যোক্তা অত্যন্ত দক্ষতার সঙ্গে তার কার্যক্রম পরিচালনা করছেন, যা প্রশংসার দাবীদার।
- পৌরসভা এলাকায় একই ধরনের ফার্মার্স হাব প্রতিষ্ঠা করা হলে স্থানীয় উদ্যোক্তাদের সম্পৃক্ততা ও কৃষিভিত্তিক ব্যবসার সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন করবে।